# কক্সবাজার এক্সপ্রেস ছুটবে আজ

- A Monitor Desk Report | Date: 01 December, 2023




**ঢাকা: শেষ হচ্ছে অপেক্ষার প্রহর। বিজয়ের মাসের প্রথম দিন আজ শুক্রবার (১ ডিসেম্বর) রাজধানী ঢাকা থেকে পর্যটন নগরী কক্সবাজারের উদ্দেশে ছুটবে ট্রেন।**

এর মাধ্যমে দুই নগরীর মধ্যে প্রথমবারের মতো বাণিজ্যিক রেল যোগাযোগ স্থাপিত হবে। ‘কক্সবাজার এক্সপ্রেস’ নামে লাল-সবুজ ট্রেনটিও সাজানো হয়েছে বর্ণিল সাজে। প্রথম দিনে এই ট্রেনের ৭৮০ যাত্রী হবেন ইতিহাসের সাক্ষী।

আরও পড়ুন: নতুন বছরে প্রযুক্তি খাতে পরিবর্তন আনবে যেসব বিষয়

রেলওয়ে সূত্রে জানা গেছে, ২১টি কোচের বহর নিয়ে প্রস্তুত ‘কক্সবাজার এক্সপ্রেস’। এর নিরাপত্তায় থাকবে ১০ জন রেলওয়ে পুলিশ। কক্সবাজার স্টেশনে পদায়ন করা হয়েছে একজন ইনচার্জসহ চারজন স্টেশন মাস্টার।

আজ শুক্রবার সকাল ১১টা ৩০ মিনিটে কক্সবাজার আইকনিক স্টেশনে প্রথম ট্রেন চলাচল উদ্বোধন করবেন রেলপথ মন্ত্রণালয়ের সচিব ড. মো. হুমায়ুন কবির। এরপর তিনি রেলযোগে চট্টগ্রাম আসবেন। একই দিন রাত ১০টা ৪০ মিনিটে প্রথমবারের মতো ঢাকার কমলাপুর স্টেশন থেকে ট্রেনটি যাবে কক্সবাজার।

-B